

PRINT

## সমকাল

# ৬২৬টি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলা হবে - শিক্ষা উপমন্ত্রী

১১ ঘন্টা আগে

### খুলনা ব্যৱো

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, সরকার কারিগরি শিক্ষাকে দেলে সাজিয়েছে। এ জন্য দেশের বিভিন্ন এলাকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৬২৬টি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলা হবে।

তিনি গতকাল শনিবার বিকেলে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে খুলনা জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান এবং শিক্ষাসংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। খুলনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

শিক্ষা উপমন্ত্রী আরও বলেন, সরকার মাদক ও দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছে। কোনো শিক্ষক শিক্ষাপ্রতিষ্ঠানে যৌন হয়রানি করলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ সময় শিক্ষার গুণগত মানোন্নয়নে শিক্ষক, পরিচালনা পর্ষদ ও শিক্ষার সঙ্গে জড়িত সংশ্লিষ্টদের এগিয়ে আসার আহ্বান জানান শিক্ষা উপমন্ত্রী।

সভায় বিশেষ অতিথি ছিলেন খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া। সভাপতিত্ব করেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক ইশরাত জাহান। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গোলাম মাঝিনউদ্দীন হাসান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর খুলনার পরিচালক অধ্যাপক শেখ হারুনার রশীদ উপস্থিত ছিলেন। সভায় খুলনার বিভিন্ন স্কুল-কলেজ-মাদ্রাসার প্রধান, পরিচালনা পর্ষদের সভাপতি ও সদস্যরাও অংশ নেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল:  
ad.samakalonline@outlook.com